

# তোর আসা এবং যাওয়া

[রাকিব মাহবুব](#)

চত্রেের কাঠফাটা রোদের খড়ু তাপে  
বেদনার দাবানলে, মনের জমিনটা ফেটে চৌঁচির যখন  
তখনই,  
হঠাৎ এক পশলা বৃষ্টির মতই তোর আগমন।  
ভৃষ্ণিত হৃদয়ের পরতে পরতে নতুন জলের অবগাহন  
সতেজ, সজীব হয়ে উঠে আবারও এই মন।

তোর প্রথম পত্রখানা যেদিন পেলাম  
সেদিন,  
স্বপ্নের বীজ বনেছিলাম আবার মন জমিনে।  
তোর পরের চিঠিখানা যখন এল  
তখন,  
দেখলাম স্বপ্নের বীজ থেকে চারা বেরুচ্ছে মন বাগানে।  
লক্ষ্য করলাম গুনগুনিয়ে ভ্রমরের আনাগোনা সেখানে।  
শেষ চিঠিটি এলো যে ক্ষণে  
তক্ষুনি,  
অবাক হয়ে দেখি স্বপ্নের চারা গাছে ফুল ফুটেছে।

তারপরই,  
এল বৈশাখ মাস।  
মনের মুকুরে তখন আশার অন্ত নেই  
স্বপ্নের গাছে ফুল থেকে ফল ধরার সম্ভাবনায়।  
আচমকা,  
কালবৈশাখী আঘাত হানল আমার স্বপ্নের বাগানে  
সামলে উঠবার আগেই  
এক ঝটকায় বের হয়ে গেলাম স্বপ্নের মাঝ থেকে।  
এরপর,  
ঝড়ু থেমে গেল।  
আমি আবারও একাই হয়ে গেলাম।  
তুই আর তোর স্বপ্নগুলো যেমন এসেছিল  
তেমনই হারিয়ে গেল আমার মনিকোঠা থেকে।

আমি,  
বিক্ষম্ভ, এলোমেলো বাগানটাতে  
বসে আছি  
হতে তোর দেয়া তিনখানা চিঠি।।

১০ই আগস্ট ২০০৪ইং

[rakeeb\\_mahboob@yahoo.com](mailto:rakeeb_mahboob@yahoo.com)